

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

স্মারক নং-উবি-০৬/২০০৭- ১৯৯৩৬

তারিখ: ০৮ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ
২৩ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ

বিষয়: ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে (৪র্থ পর্যায়) ভর্তি প্রসঙ্গে।

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য (৪র্থ পর্যায়ে) নির্বাচিত শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে,

১। ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদেরকে বিদ্যালয়ের ওয়েবসাইট (www.udayan.edu.bd) হতে শিক্ষার্থীর Student ID সংগ্রহ করতে হবে (১৫/১০/২০২৩ খ্রি: রবিবার সকাল ১০:০০ মিনিট হতে)। ভর্তির জন্য অনলাইনে ফরমপূরণ এবং পেমেন্ট সম্পন্ন করতে হবে। নিম্নে প্রদর্শিত পেমেন্ট নির্দেশনা মোতাবেক ভর্তি ফি (সেশন ফি, উন্নয়ন ফি) ৭,৫০০ টাকা (সরকার নির্ধারিত), ১(এক) মাসের বেতন ২,০০০ টাকা এবং ১ (এক) মাসের আইসিটি ফি ২০০ টাকা (মোট = ৯,৭০০ টাকা) + অনলাইন ফরমপূরণ চার্জ ৩০ টাকা + ব্যাংক চার্জ প্রদান করে ভর্তি নিশ্চিত করতে হবে।

ভর্তির ফি অনলাইনের মাধ্যমে পেমেন্ট করতে হবে ১৫/১০/২০২৩ খ্রি: রবিবার সকাল ১০:০০ মিনিট থেকে বেলা ৩:০০ মিনিট পর্যন্ত।

অনলাইন ফরমপূরণ ও পেমেন্ট প্রদান সংক্রান্ত নির্দেশনা:

- www.udayan.edu.bd এই ওয়েবসাইটের Admission মেনু হতে XI Apply Online, Button এ ক্লিক করে ওয়েবসাইট হতে Student ID সংগ্রহ করে, Student ID এর ঘরে Student ID এবং Institute ID এর ঘরে 1906 দিয়ে লগইন করতে হবে। লগইন করে ফরমপূরণ ও পেমেন্ট (Payment) প্রদান করতে হবে। পূরণকৃত ফরম এর প্রিন্ট কপি ও প্রদানকৃত Payment এর Receipt (রসিদ) এর প্রিন্ট কপি নিম্নে উল্লেখিত (২ নং-এ) তারিখ ও সময়ের মধ্যে অন্যান্য কাগজপত্রসহ অবশ্যই জমা দিতে হবে।
- সকল তথ্য যথাযথভাবে পূরণ করে Next Button এ ক্লিক করে বিষয় নির্বাচন করতে হবে। (বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা অনলাইনে ফরমপূরণের সময় বিষয় নির্বাচন করতে পারবে। ব্যবসায় শিক্ষা বিভাগের শিক্ষার্থীরা ডাউনলোডকৃত ভর্তি ফরম জমাদানের সময় বিষয় নির্বাচনের কাজটি সম্পন্ন করবে।) তারপর পেমেন্ট মেনুতে ক্লিক করে Student ID এর ঘরে Student ID এবং Institute ID এর ঘরে 1906 দিয়ে লগইন করে Year-এর ঘরে 2023, Month-October (Admission Fee, Tuition fee, ICT Fee) সিলেক্ট করে মোট ৯,৭০০ টাকা পেমেন্ট প্রদান করতে হবে। পেমেন্ট রশিদ ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।
- পেমেন্ট প্রদান করার জন্য Pay বাটনে ক্লিক করে ৩টি Option (Sonali Bank/ Cards/Mobile Banking এর বিকাশ/নগদ/রকেট) এর যে কোন ১টি Select করে ফি প্রদান করতে হবে।
- Payment সম্পন্ন হওয়ার পর, Payment এর Receipt (রসিদ) সংরক্ষণ করুন। Payment এর Receipt (রসিদ) ডাউনলোড করতে অসুবিধা হলে (০১৯৫১-৯০১৯১৯, ০৯৬১২-১৯১৯১৯) মোবাইল নম্বরে কল করে সহযোগিতা গ্রহণ করুন অথবা একইভাবে লগইন করে Report Option হতে Payment এর Receipt (রসিদ) ডাউনলোড করুন।

বিঃদ্র: পেমেন্ট সংক্রান্ত নির্দেশনার টিউটোরিয়াল ওয়েবসাইটের পেমেন্ট পেজে দেওয়া আছে। পেমেন্ট করতে অসুবিধা হলে বিদ্যালয় অফিস চলাকালীন সময়ে অনলাইন হেল্প ডেস্কে অথবা প্রয়োজনে ০১৯৫১-৯০১৯১৯, ০৯৬১২-১৯১৯১৯ মোবাইল নম্বরে যোগাযোগ করবেন।


২। নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র জমা নেওয়া হবে:

তারিখ ও বার	সময়	বিজ্ঞান বিভাগ ও ব্যবসায় শিক্ষা বিভাগ
১৬/১০/২০২৩ সোমবার	সকাল ৯:০০ থেকে দুপুর ১২:০০ পর্যন্ত	কক্ষ নম্বর ১০৮

প্রয়োজনীয় কাগজপত্র:

- ডাউনলোডকৃত ভর্তি ফরম।
 - অনলাইনে পেমেন্ট প্রদানের প্রিন্টকৃত পেমেন্ট স্লিপ ২ কপি।
 - এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর মূলকপি এবং এর ২টি ফটোকপি।
 - এসএসসি পরীক্ষার প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি ২টি।
 - এসএসসি পরীক্ষার প্রশংসাপত্রের ফটোকপি-২টি।
- ৩। উপর্যুক্ত প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়ার সময় পেমেন্ট স্লিপের একটি কপিতে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক সিলমোহর ও স্বাক্ষরসহ নিশ্চায়নপূর্বক ড্রসকোড, ডায়েরি, বুকলিস্ট, একাডেমিক ক্যালেন্ডার ও উবি মনোগ্রাম সংগ্রহ করতে হবে।
- ৪। ভর্তির প্রয়োজনে যোগাযোগের নম্বর: ০১৭১১-৩১৪৫৭৫, ০১৫৫২-৪৯২৮৭০

[বি: দ্র: একাডেমিক ট্রান্সক্রিপ্টের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি শিক্ষার্থীকে তার নিজের ভবিষ্যত প্রয়োজনের জন্য সংরক্ষণ করতে হবে।


জহুরা বেগম ০৮.১০.২০২৩
অধ্যক্ষ
উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা
ঢাকা-১০০০